

দেশের ২৯ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভিসি নেই

যুগান্তর প্রতিবেদন

০৯ জুন ২০২৪, ০৫:৫৫ পিএম | অনলাইন সংস্করণ

27
Jhars



দেশের ২৯টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের (ভিসি) পদ শূন্য রয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল। এ ছাড়া বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর প্রো-ভাইস চ্যান্সেলরের ৮০টি এবং ট্রেজারারের ৩৫টি পদ শূন্য রয়েছে বলেও জানান মন্ত্রী।

রোববার জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে সংরক্ষিত নারী আসনের এমপি ফরিদা ইয়াসমিনের প্রশ্নের জবাবে এ তথ্য দেন শিক্ষামন্ত্রী।

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অধিবেশনের শুরুতে প্রশ্নোত্তর টেবিলে উত্থাপন করা হয়।

শিক্ষামন্ত্রী নওফেল আরও জানান, দেশে বর্তমানে ১১৪টি বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমতি দেওয়া হয়েছে। এর মধ্যে ১০৫টি বিশ্ববিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম চালু আছে।

স্বতন্ত্র এমপি মোহাম্মদ হুছামুদ্দীন চৌধুরীর প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, সারা দেশের কওমি মাদ্রাসাগুলোতে অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানের মতো সুযোগ-সুবিধা দেওয়ার পরিকল্পনা সরকারের আছে। তবে কওমি মাদ্রাসাগুলো মাদ্রাসা শিক্ষাবোর্ডের

Advertisement

কারিকুলামে চলছে না। সেজন্য সমন্বিত একটি নীতিমালা প্রণয়ন এবং কওমি মাদ্রাসা পরিচালনার ছয়টি বোর্ডকে সমন্বিত করে একটি কওমি শিক্ষা বোর্ড গঠনের বিষয়টি সরকারের পর্যালোচনায় আছে।

ভোলা-২ আসনের সংসদ সদস্য আলী আজমের প্রশ্নের জবাবে নওফেল বলেন, দেশে ৭৩টি কৃষি কলেজ রয়েছে। এর মধ্যে রংপুরে বিভাগে ১৯টি, সিলেট বিভাগে দুটি, ময়মনসিংহ বিভাগে তিনটি, চট্টগ্রাম ও বরিশাল বিভাগে ছয়টি করে, রাজশাহী বিভাগে ১১টি, ঢাকা ও খুলনা বিভাগে ১৩টি করে কৃষি কলেজ রয়েছে।